দৈনিক ইত্তেফাক

তারিখ OCT. 1 9 1999
পৃষ্ঠা ৪ কলাম ৪

# থানা শিক্ষা অফিসারের অবহেলা

নিরক্ষরমুক্ত বাংলাদেশ গড়ার লক্ষ্যে বর্তমান সরকার প্রাথমিক শিক্ষার গুণগত মান উন্নয়ন ও প্রাথমিক বিদ্যালয়ে গমনোপযোগী সকল শিশুকে বিদ্যালয়ে ভর্তি করিয়া তাহাদের উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে সরকার বিভিন্নভাবে নানা ধরনের কর্মসূচী বাস্তবায়নের জন্য চেষ্টা চালাইয়া যাইতেছেন। অথচ প্রাথমিক শিক্ষা অফিসের কিছুসংখ্যক কুচক্রী অফিসারের গাফিলতি ও অবহেলার দরুন দেখা যায় যে, অনেক ক্ষেত্রেই বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষার মান দারুণভাবে ব্যাহত হইতেছে। উদাহরণস্বরূপ বলা যায় যে, বি,বাড়ীয়া জেলার নাসিরনগর থানার শিক্ষা অফিসারের অবহেলার কারণে বিগত আগষ্ট/৯৮ উক্ত থানার প্রধান শিক্ষক পদে পদোন্নতি দেওয়ার জন্য যোগ্যতাসম্পন্ন, সহকারী শিক্ষকদের নিকট হইতে প্রয়োজনীয় কাগজপত্রাদি জমা নিয়াছেন এবং ঐ সময়ে প্রধান শিক্ষক পদে শূন্য পদের সংখ্যা ছিল ১১টি। ইহার মধ্যে ৬৫% পদোন্নতির ভিত্তিতে পূরণ করার নির্দেশ থাকা সত্ত্বেও থানা শিক্ষা অফিসারের ব্যক্তিগত গাফিলতি ও অবহেলার কারণে আজ পর্যন্ত উক্ত পদোন্নতির কাজ সম্পন্ন করা হয় নাই। সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসারের সাথে যোগাযোগ করা হইলে তিনি বলেন যে, পদোন্নতির ব্যবস্থা করা হইবে। প্রশ্ন হইল, আমাদের যে সকল বিদ্যালয়ে দীর্ঘ দুই বছর যাবৎ প্রধান শিক্ষকের পদ শূন্য রহিয়াছে ঐ সকল বিদ্যালয়ে কি লেখাপড়ার মান ব্যাহত হয় নাই? কেননা, প্রধান শিক্ষকের অভাবে তাহার যাবতীয় কাজকর্ম দায়িত্বপ্রাপ্ত অন্য একজন সহকারী শিক্ষকের দ্বারা পরিচালনা করার কারণে পাঠদানের কাজে যে মারাত্মকভাবে অসুবিধা ও সমস্যার সৃষ্টি হইতেছে তাহা বলার অপেক্ষা রাখে না। এমতাবস্থায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সকল ঊর্ধ্বতন কর্মকর্তা সমীপে সবিনয় অনুরোধ, অনতিবিলম্বে বিষয়টি তদন্তপূর্বক আশু ব্যবস্থা গ্রহণের ব্যবস্থা করা হউক।

জনৈক ভুক্তভোগী।